গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
(আইসিটি শাখা)
www.coxsbazar.gov.bd

# জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | তাপ্তি চাক্মা<br>অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), কক্সবাজার<br>ও<br>ইনোভেশন অফিসার, জেলা ইনোভেশন টিম, কক্সবাজার |
| সভার তারিখ ও সময় | : | ০৫.০৩.২০২৪ খ্রিস্টাব্দ, সকাল ১১.৩০ টা |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এর শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'তে সন্নিবেশিত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনের গুরুত্বের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সরকারি সিদ্ধান্তের আলোকে প্রত্যেক সরকারি অফিসকে 'One office One Idea' এর ভিত্তিতে ডিজিটাল ইনোভেশন আইডিয়া প্রণয়ন করে সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ করার লক্ষ্যে প্রণীত আইডিয়া বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের উর্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণ এবং জেলা ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিমের কাছে প্রেরণ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

<u>সিদ্ধান্তসমূহ</u> ঃ-

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/ব্যক্তি |
|---|---|---|---|
| ১ | জেলা ও উপজেলা পর্যায়ে প্রত্যেক সরকারি অফিসে ইনোভেশন আইডিয়া প্রণয়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ইনোভেশন আইডিয়া প্রণয়ন করার ক্ষেত্রে জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তাগণ নাগরিক সেবা সহজীকরণকে প্রাধিকার দিয়ে উদ্যোগ গ্রহণ করবেন এবং টেকসই বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবেন। | ১.সকল বিভাগীয় প্রধান, কক্সবাজার<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ২ | উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন বিষয়টি পর্যালোচনা করলে কর্মকর্তাদের উদ্ভাবন ধারণা বৃদ্ধি পাবে এবং অনুসরণযোগ্য ইনোভেশন অন্যান্য অফিস গ্রহণ করতে পারবেন মর্মে আলোচনা করা হয়। | উপজেলা পর্যায়ে মাসিক উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন বিষয়টি এজেন্ডায় অন্তর্ভুক্ত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়। | ১.উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৩ | জেলা পর্যায়ে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগসমূহ চর্চার বিষয়ে আলোচনা করা হয়।<br>ক. <u>উপকারভোগীর লভ্যাংশ অনলাইনে বিতরণ</u>:<br>কক্সবাজার উত্তর বনবিভাগের সামাজিক বনায়নে নিয়োজিত উপকারভোগীদের লভ্যাংশের চেক অনলাইনে প্রদান করা যায় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কক্সবাজার উত্তর বনবিভাগের সামাজিক বনায়নে নিয়োজিত উপকারভোগীদের লভ্যাংশের চেক অনলাইনে প্রদান করা হয়। এতে সর্বোচ্চ স্বচ্ছতার সাথে সুবিধাভোগীরা স্বল্প সময়ে ও স্বল্প পরিশ্রমে এবং কম খরচে(টিসিভি) লভ্যাংশ পাবেন। কক্সবাজার উত্তর বন বিভাগের এ উদ্যোগটি অন্যান্য দপ্তরে চর্চা করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগীয় প্রধান, কক্সবাজার |
| | খ. <u>ড্রোন প্রযুক্তি ব্যবহার করে বন বাগান ও প্রাকৃতিক বনাঞ্চল নিয়মিত মনিটরিং</u>:<br>কক্সবাজার উত্তর বনবিভাগ, ড্রোন প্রযুক্তি ব্যবহার করে বাগান ও প্রাকৃতিক বনাঞ্চল নিয়মিত মনিটরিং করা এবং দুর্গম এলাকার বন অপরাধ উদঘাটন ও বন্যহাতি/বন্যপ্রাণী চলাচলের গতিবিধি মনিটরিং এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | কক্সবাজার উত্তর বনবিভাগ, ড্রোন প্রযুক্তি ব্যবহার বাগান ও প্রাকৃতিক বনাঞ্চল নিয়মিত তথা দুর্গম এলাকার বন অপরাধ উদঘাটন ও বন্যহাতি/বন্যপ্রাণী চলাচলের গতিবিধি মনিটরিং সহজ করতে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে এ উদ্যোগ বাস্তবায়ন করা" হলে মনিটরিং কার্যক্রম খুবই সহজ হবে এবং এর সাথে সংশ্লিষ্টদের এ উদ্যোগটি গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/ব্যক্তি |
|---|---|---|---|
| ৪ | জেলা ও উপজেলা পর্যায়ে অনুসরণযোগ্য বিগত উদ্ভাবনীসমূহ অন্যান্য অফিসের অনুসরণ করা যায় মর্মে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মত প্রকাশ করেন। নতুন উদ্ভাবনী আইডিয়া প্রণয়নপূর্বক তালিকা প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | জেলা/উপজেলা পর্যায়ে বিগত সালের অনুসরণযোগ্য উদ্ভাবনী আইডিয়াসমূহ এ কার্যালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে পর্যালোচনাপূর্বক নির্বাচিত আইডিয়াগুলো অন্যান্য দপ্তরে/স্থানে রেপ্লিকেট করার ব্যবস্থা নিতে হবে। | ১.সকল বিভাগীয় প্রধান, কক্সবাজার<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৫ | ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | সকল দপ্তরে ই-ফাইলিং এ মাধ্যমে নোট নিষ্পত্তি ১০০% করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হয়। যেসকল দপ্তরে ই-নথিতে সংযুক্ত নেই সেসকল দপ্তরকে ই-নথিতে সংযুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রোগ্রামারকে অনুরোধ করা হয়। | ১.সকল বিভাগীয় প্রধান, কক্সবাজার<br>২. প্রোগ্রামার, কক্সবাজার |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫.০৩.২৪

তাপ্তি চাকমা
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
ও
ইনোভেশন অফিসার
জেলা ইনোভেশন টীম
কক্সবাজার
ফোন নং ২৩৩৪৪৬৬২২১৪
ফ্যাক্স-০২৩৩৪৪৬৬২২০৬
ই-মেইল- adcictcox@gmail.com

স্মারক নং-০৫.২০.২২০০.১১৫.০১.০০৭.২৪-৩৭

তারিখ : ২১ ফাল্গুন ১৪৩০ / ০৫ মার্চ ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে :

০১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০২। জেলা প্রশাসক, কক্সবাজার

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), কক্সবাজার (জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভায় উপস্থাপনের অনুরোধ করা হলো)
০২। জেলা পর্যায়ের সকল দপ্তর ------------------------------, কক্সবাজার
০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ------------------------, কক্সবাজার
০৪। ......................................................................................কর্মকর্তা,কক্সবাজার
০৫। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার
০৬। জেলা তথ্য অফিসার, কক্সবাজার
০৭। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার। (তাঁকে কার্যবিবরণী জেলা/উপজেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য এবং সকল সরকারি অফিসে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)
০৮। ------------------------------------------------------------------------------, কক্সবাজার

০৫.০৩.২৪

তাপ্তি চাকমা
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)